দর্শনায় দেশীয় অস্ত্রসহ যুবদল নেতা মিল্টন গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনায় অভিযান চালিয়ে বিভিন্ন প্রকার দেশীয় অস্ত্রসহ যুবদল নেতা সেলিম মেহফুজ মিল্টনকে গ্রেফতার করেছে সেনাবাহিনী।

আজ শুক্রবার (২৯ নভেম্বর) চুয়াডাঙ্গা আর্মি ক্যাম্প থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

গ্রেফতারকৃত সেলিম মাহফুজ মিল্টন চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার মোবারকপাড়ার আব্দুস সালাম মাষ্টারের ছেলে। তিনি দর্শনা পৌর যুবদলের সাবেক যুগ্ম আহ্বায়ক।

সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত বুধবার (২৭ নভেম্বর) চুয়াডাঙ্গা আর্মি ক্যাম্পের একটি টহল দল গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ দর্শনা এলাকায় অভিযান পরিচালনা করে। এ সময় নিজ বাড়ি থেকে আসামি সেলিম মেহফুজ মিল্টনকে গ্রেফতার করা হয়। পরবর্তীতে তার বাড়িতে তল্লাশি চালিয়ে চাইনিজ কুড়াল, রামদা, চাপাতিসহ বিভিন্ন প্রকার দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, গ্রেফতারকৃত মিল্টনের বিরুদ্ধে স্বর্ণ, মাদক চোরাকারবারি, অবৈধ অস্ত্র, অগ্নিসংযোগসহ বিভিন্ন থানায় একাধিক মামলা রয়েছে। গত ৫ আগস্টের পর থেকে মিল্টন দর্শনায় ত্রাস হিসেবে পরিচিত লাভ করেছে। তাকে গ্রেফতারে এলাকায় স্বস্তি ফিরে এসেছে। গতকাল বৃহস্পতিবার দর্শনা থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর জানান সকালেই সেলিম মেহফুজ মিল্টনকে দেশীয় অস্ত্র মামলায় তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।

ঝিনাইদহে যুবদল নেতাকে কুপিয়ে জখম; প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল

ঝিনাইদহে যুবদল নেতা লিটন হোসেনকে কুপিয়ে হাতের কব্জি বিচ্ছিন্ন করার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে ঝিনাইদহ জেলা যুবদল।

শুক্রবার সকালে জেলা যুবদলের পক্ষ থেকে এইচএসএস সড়কে বিএনপি’র কার্যালয়ের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি সদর থানা গেটের সামনে পৌছালে পুলিশ তাদের বাঁধা দেয়। পরে সেখানেই সংক্ষিপ্ত সমাবেশ করে দলটির নেতাকর্মীরা। সেসময় জেলা বিএনপি’র সভাপতি এ্যাড আব্দুল মজিদ, যুবদলের সভাপতি আহসান হাবিব রনক, সাধারন সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টুসহ অন্যানরা বক্তব্য দেন।

সমাবেশে বক্তারা, আগামী ৩ দিনের মধ্যে জড়িত সকলকে গ্রেফতারের দাবি জানান। এর সময়ের দোষীরা গ্রেফতার না হলে কঠোর কর্মসূচির হুশিয়ারী দেন তারা।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৭ টার সময় সদর উপজেলার পাগলাকানাই ইউনিয়ন পরিষদের সামনে জেলা যুবদল নেতা লিটন হোসেনকে গুরুতর আহত করে দুর্বৃত্তরা। বর্তমানে সে ঢাকা পঙ্গু হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এ ঘটনায় থানায় মামলা দেয়নি দলটি ও পরিবারের স্বজনরা। তবে জিজ্ঞাবাদের জন্য ২ জনকে আটক করেছে পুলিশ।

গাংনীতে যুবদল নেতা গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে বেলাল হোসেন ওরফে বেলু (৪০) নামে যুবদলের এক নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারকৃত বেলু গাংনী উপজেলার সাহারবাটী ইউনিয়ন যুবদলের সাবেক সাধারণ সম্পাদক ও জোড়পুকুরিয়া গ্রামের আহম্মদ আলীর ছেলে।

আজ শনিবার ভোররাতে গাংনী থানা পুলিশের একটিদল অভিযান চালিয়ে বেলুকে তার নিজ বাড়ি থেকে গ্রেফতার করে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, আওয়ামী লীগের জাতীয় কাউন্সিল উপলক্ষে ছাত্রলীগের নেতাকর্মীরা গত ২৮ নভেম্বার দিবাগত রাত সাড়ে ৮টার দিকে গাংনী শহরে একটি মিছিল বের করে।

এসময় গাংনী সরকারি মাছের হ্যাঁচারির কাছে বিকট শব্দে ককটেল বিষ্ফোরণ হয়। মিছিলকে লক্ষ্য করে বোমা নিক্ষেপ করা হয়েছে বলে অভিযোগ করে বিএনপিকে দায়ি করেছিলেন ছাত্রলীগ নেতাকর্মীরা। ঘটনাস্থল থেকে অবিষ্ফোরিত ৩টি ককটেল উদ্ধার করে পুলিশ। ওই রাতেই মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি সাহিদুজ্জান শিপু বাদি হয়ে বিএনপি নেতাকর্মীদের নামে মামলা দায়ের করেন। ওই মামলায় বেলুকে গ্রেফতার হয়।

শনিবার দুপুরে তাকে মেহেরপুর আদালতে সোর্পদ করা হয়।

গাংনীর বামুন্দী থেকে যুবদল নেতা জাহিদ গ্রেফতার

গাংনীর উপজেলা যুব দলের সদস্য সচিব জাহিদ আহম্মেকে (৪২) গ্রেফতার করেছে পুলিশ।

আজ বুধবার দুপুরে গাংনী থানা পুলিশের একটি টীম তাকে বামন্দী বাজার থেকে গ্রেফতার করে। জাহিদ আহম্মেদ গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের মৃত মেছের আলীর ছেলে।

গাংনী থানার এসআই মাসুদ সঙ্গীয় ফোর্স নিয়ে দুপুরে তাকে গ্রেফতার করে। জাহিদ আহম্মেদকে নাশকতার মামলায় গ্রেফতার করা হয়েছে বলে জানায় পুলিশ।

প্রসঙ্গত, আওয়ামী লীগের জাতীয় কাউন্সিল উপলক্ষে ছাত্রলীগের নেতাকর্মীরা গত ২৮ নভেম্বর রাতে গাংনী শহরে একটি মিছিল বের করে।

এ সময় গাংনী সরকারি মাছের হ্যাচারি কাছে বিকট শব্দে ককটেল বিষ্ফোরণ হয়। মিছিল লক্ষ্য করে বোমা নিক্ষেপ করা হয়েছে অভিযোগ করে বিএনপিকে দায়ী করে।

ঘটনাস্থল থেকে অবিষ্ফোরিত তিনটি ককটেল উদ্ধার করে পুলিশ। ওই রাতেই সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জান শিপু বাদি হয়ে বিএনপি নেতাকর্মীদের নামে মামলা দায়ের করেন। ওই মামলার আসামি হিসেবে রাতেই পৌর বিএনপির আহবায়ক সাহিদুল ইসলামকে গ্রেফতার করে। পরবর্তীতে সাবেক ইউপি সদস্য জাহাঙ্গীর আলম গ্রেফতার হয়। এর মাঝে মামলার এজাহার নামীয় আসামিরা মঙ্গলবার উচ্চাদালত থেকে আগাম জামিন পায়।